# ২০২২ সালের দাখিল পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: বাংলা　　　　পত্র: প্রথম　　　　বিষয় কোড: ১৩৪　　　　স্তর: দাখিল

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ১ | ২ | ৩ | |
| ১ | 'সুভা' গল্প অনুসরণে বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের আবেগ-অনুভূতি অনুধাবন এবং তাদের প্রতি পরিবার ও সমাজের ভূমিকা নির্ধারণ | ● বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের প্রতি সংবেদনশীল হওয়ার গুরুত্ব ব্যক্ত করতে পারবে। | ১. বাক্-প্রতিবন্ধী সুভা তার পরিবার ও সমাজ থেকে যে আচরণ পেয়েছে, এর বিবরণ।<br><br>২. সুভার প্রতি পরিবার ও সমাজের প্রত্যাশিত ইতিবাচক আচরণ।<br><br>৩. তোমার চেনা/জানা একজন বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের বেড়ে ওঠার প্রতিবন্ধকতাসমূহ।<br><br>৪. 'একজন বিশেষ চাহিদাসম্পন্ন মানুষেরও সংবেদনশীল ও অনুভূতিপ্রবণ মন আছে।' – মন্তব্যটি সুভা ও তোমার চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের পরিপ্রেক্ষিতে বিশ্লেষণ। | ১ | সুভার প্রতি বিরূপ আচরণ | বিরূপ আচরণ শনাক্ত করতে পারা | বিরূপ আচরণ শনাক্ত করে ব্যাখ্যা করতে পারা | | |
| | | | | ২ | প্রত্যাশিত ইতিবাচক আচরণ | প্রত্যাশিত ইতিবাচক আচরণ উল্লেখ করতে পারা | প্রত্যাশিত ইতিবাচক আচরণ উল্লেখ করে ব্যাখ্যা করতে পারা | | |
| | | | | ৩ | চেনা/জানা একজন বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের বেড়ে ওঠার প্রতিবন্ধকতা | ১-২টি প্রতিবন্ধকতা উল্লেখ করতে পারা | ৩-৪টি প্রতিবন্ধকতা উল্লেখপূর্বক ব্যাখ্যা করতে পারা | ৫-৬টি প্রতিবন্ধকতা উল্লেখপূর্বক ব্যাখ্যা করতে পারা | |
| | | | | ৪ | সুভা ও শিক্ষার্থীর চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের সংবেদনশীল ও অনুভূতিপ্রবণ মনের পরিচয় | সুভা ও শিক্ষার্থীর চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের আবেগ-অনুভূতি উল্লেখ করতে পারা | মানুষ ও সমাজের সাপেক্ষে সুভার সংবেনশীল মনের সঙ্গে শিক্ষার্থীর চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের আবেগ-অনুভূতির তুলনা করতে পারা | মানুষ, সমাজ ও পরিবেশ-প্রকৃতির সাপেক্ষে সুভার সংবেনশীল মনের সঙ্গে শিক্ষার্থীর চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের আবেগ-অনুভূতির তুলনা করতে পারা | |

# ২০২২ সালের দাখিল পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: গণিত পত্র: কোড: ১০৮ স্তর: দাখিল

| এ্যাসাইনমেন্ট নম্বর | এ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মুল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স): প্রশ্ন | নির্দেশনা | নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | • যেকোনো বাস্তব সংখ্যা $\boldsymbol{x, y}$ এবং $\boldsymbol{z}$ এর জন্য $\boldsymbol{x+y+z=2}$, $\boldsymbol{x^2+y^2+z^2=3}$ এবং, $\boldsymbol{xyz=4}$ | ১। বীজগাণিতিক সূত্র প্রয়োগ করে বর্গ ও ঘন রাশির সম্প্রসারণ করতে পারবে।<br><br>২। উৎপাদকে বিশ্লেষণ করতে পারবে। | ক) $\boldsymbol{xy+z-1}$ কে উৎপাদকে বিশ্লেষণ কর।<br>(প্রদত্ত তথ্যের সাহায্য নিয়ে $z$ প্রতিস্থাপন করে উৎপাদকে বিশ্লেষণ করবে।) | ক) | • সঠিকভাবে মৌলিক উৎপাদকে বিশ্লেষণ করতে পারলে | ০২ | |
| | | | | | • প্রদত্ত তথ্যে থেকে $z$ এর মান বসিয়ে সঠিকভাবে সরল করতে পারলে | ০১ | |
| | | | খ) $(\boldsymbol{x-y})^2+(\boldsymbol{y-z})^2+(\boldsymbol{z-x})^2$ এর মান নির্ণয় কর।<br>( বর্গ সংবলিত সূত্র ব্যবহার করে $(\boldsymbol{x-y})^2+(\boldsymbol{y-z})^2+(\boldsymbol{z-x})^2$ এর মান নির্ণয় করবে।) | খ) | • সূত্র প্রয়োগ করে সঠিকভাবে সমাধান করে মান নির্ণয় করতে পারলে | ০৩ | |
| | | | | | • সূত্র প্রয়োগ করে সঠিকভাবে $(xy+yz+zx)$ এর মান নির্ণয় করতে পারলে | ০২ | |
| | | | | | • $2(x^2+y^2+z^2)-2(xy+yz+zx)$ পর্যন্ত লিখতে পারলে | ০১ | |
| | | | গ) $\boldsymbol{x^3+y^3+z^3}$ এর মান নির্ণয় কর।<br>(প্রথমে $(x+y+z)$ ও $(xy+yz+zx)$ এর গুণ করে এবং প্রদত্ত তথ্যের ব্যবহার করে $x^2y+x^2z+xy^2+zy^2+z^2y+z^2x$ এর মান নির্ণয় করবে। এরপর $(\boldsymbol{x+y+z})$ ও $(\boldsymbol{x^2+y^2+z^2})$ গুণ করে এবং প্রাপ্ত তথ্য ব্যবহার করে $\boldsymbol{x^3+y^3+z^3}$ এর মান নির্ণয় করবে।) | গ) | • প্রদত্ত তথ্যে ও প্রয়োজনীয় সূত্র ব্যবহার করে সঠিক মান নির্ণয় করতে পারলে | ০৩ | |
| | | | | | • $(\boldsymbol{x+y+z})$ ও $(\boldsymbol{x^2+y^2+z^2})$ এর গুণফলকে $x^2y+x^2z+xy^2+zy^2+z^2y+z^2x$ এর মান ব্যবহার উপযোগী করতে পারলে | ০২ | |
| | | | | | • $(x+y+z)$ ও $(xy+yz+zx)$ এর গুণ করে এবং উদ্দীপকের তথ্য ব্যবহার করে $x^2y+x^2z+xy^2+zy^2+z^2y+z^2x$ এর মান নির্ণয় করতে পারলে | ০১ | |
| | | | ঘ) প্রমাণ কর যে, $\frac{1}{xy+z-1}+\frac{1}{yz+x-1}+\frac{1}{zx+y-1}=-\frac{2}{9}$<br>(হরগুলোর উৎপাদকে বিশ্লেষণের জন্য 'ক' এর সাহায্য নেয়া যেতে পারে। ) | ঘ) | • প্রদত্ত তথ্য ব্যবহার করে সঠিকভাবে প্রমাণ করতে পারলে | ০৪ | |
| | | | | | • যোগফলের হরকে উদ্দীপক ব্যবহারের উপযোগী করতে পারলে | ০৩ | |
| | | | | | • বামপক্ষের রাশিগুলো যোগ করতে পারলে | ০২ | |
| | | | | | • হরগুলোর ২য় বা ৩য়টি উৎপাদক করতে পারলে | ০১ | |

**Subject: English** **1st Paper** **Subject Code: 107** **For Secondary and Vocational**

| **Assignment Number** | **Assignment** | **Learning Outcomes** | **Instructions** | **Rubrics/Scoring Criteria** | **Remarks** |
|---|---|---|---|---|---|
| Paper 1<br>Assignment 1 | <u>This assignment is based on Unit 3 from EfT.</u><br><br>**Justify the statement – Festivals are for everyone.**<br><br>**Total Marks = 15** | Talk about events and festivals | Learners will write an easy here. In writing the assignment, answer the following questions.<br><br>1. What are the most common events and festivals in Bangladesh?<br><br>2. Narrate your own experience to take part in some events and festivals in your locality.<br><br>3. How do these events and festivals shape you and your nation? | **Teacher will assess the student's work from using the following lenses and pick a mark that goes with the assignment from each category. Then s/he will calculate the marks of individual category for total marks.**<br><br>**Introducing common events and festivals of own locality**<br>4 = Learner introduces **varied events** and festivals **of different groups** and give short description of them.<br>2 = Learner introduces events and festivals but the description is **very** limited.<br>0 = Learner does not answer this part.<br><br>**Personal experience**<br>3 = Learner narrates own experience of attending **some** events **and** festivals.<br>2 = Learner narrates own experience of attending an event **and** a festival.<br>1 = Learner narrates own experience of attending either an event **or** a festival.<br>0 = Learner does not answer this part.<br><br>**Usefulness of events and festivals**<br>5 = Learner produces a critical analysis on how these events and festivals shape him/her as a human being and how they are important in a nation's life.<br>3 = Learner produces a critical analysis on how these events and festivals shapes him/her as a human being **or** how they are important in a nation's life.<br>2 = Learner tries to produce a critical anylysis on why these events are important but the ideas are not very clear.<br>0 = This part is absent. | |



02/12/22

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | **Grammar**<br>3 = The assignment has occasional grammatical errors.<br>2 = The assignment has random grammatical errors.<br>0 = None of the sentences is error free. | |

# ২০২২ সালের দাখিল পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

স্তর: দাখিল

বিষয় কোড: ১৪৩

বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়

| অ্যাসাইনমেন্ট নং | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ (অধ্যায়: ২ স্বাধীন বাংলাদেশ) | তোমার পরিবারে বসবাসরত ষাটোর্ধ তোমার দাদা বা নানার কাছে তুমি ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ সম্পর্কে জানতে পারলো যে যুদ্ধ শুরু হলে আওয়ামী লীগের উদ্যোগে গঠিত মুজিবনগর সরকার যুদ্ধ পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। মুক্তিযুদ্ধে রাজনৈতিক দলসহ সকলের ভূমিকা মূল্যায়ন করে নির্দেশনা অনুসরণে একটি প্রতিবেদন প্রণয়ন কর। | • মুজিবনগর সরকারের ভূমিকা মূল্যায়ন করতে পারবে।<br>• মুক্তিযুদ্ধের বিভিন্ন রাজনৈতিক দল, ছাত্র, পেশাজীবী, নারী, সাধারণ জনগণের ভূমিকা মূল্যায়ন করতে পারবে।<br>• দেশের প্রতি ভালোবাসা, গণতন্ত্র এবং মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধা পোষণ করবে। | • মুজিবনগর সরকারের গঠন ও কার্যক্রম বর্ণনা<br>• মুক্তিযুদ্ধে সাধারণ জনগণ ও পেশাজীবীদের ভূমিকা ব্যাখ্যা।<br>• স্বাধীনতা অর্জনে তৎকালীন সরকারের রাজনৈতিক ব্যক্তিদের অবদান মূল্যায়ন | (নিচের রুব্রিক্স দ্রষ্টব্য) | |

| নির্দেশক | ৪ | ৩ | ২ | ১ |
|---|---|---|---|---|
| সরকার এর ভূমিকা | মুজিবনগর সরকারের গঠন ও শপথের তারিখ, গঠন কাঠামো এবং কার্যক্রম যথাযথ উল্লেখ করলে | মুজিবনগর সরকারের গঠন কাঠামো ও কার্যক্রমের অধিকাংশ উল্লেখ করলে | মুজিবনগর সরকারের গঠন কাঠামো ও কার্যক্রমের আংশিক উল্লেখ করলে | মুজিবনগর সরকারের গঠন কাঠামো লিখলে |
| বিভিন্ন শ্রেণির ভূমিকা | পাঠ্যপুস্তকের প্রদত্ত ৮টি শ্রেণির মধ্যে ৪টি শ্রেণির/ বাহিনীর ভূমিকা লিখলে | ৩টি লিখলে | ২টি লিখলে | ১টি লিখলে |
| মুজিবনগর সরকারের ৪জন গুরুত্বপুর্ণ ব্যক্তির অবদান। | অন্ততপক্ষে ৪ জন রাজনৈতিক ব্যক্তিত্ব সম্পর্কে লিখলে | অন্ততপক্ষে ৩ জন রাজনৈতিক ব্যক্তিত্ব সম্পর্কে লিখলে | অন্ততপক্ষে ২ জন রাজনৈতিক ব্যক্তিত্ব সম্পর্কে লিখলে | ১ জন রাজনৈতিক ব্যক্তিত্ব সম্পর্কে লিখলে |

| | | |
|---|---|---|
| ১. | ১০-১২ | অতি উত্তম |
| ২. | ৭-৯ | উত্তম |
| ৩. | ৪-৬ | ভালো |
| ৪. | ০-৩ | অগ্রগতি প্রয়োজন |

০৭/৬/২০২১